

### সুস্থতা যাচাইকরণ প্রশ্নাবলী

DOE ফ্যাসিলিটিগুলোতে সকল DOE-এর শিক্ষার্থী, কর্মী, পরিবার, এবং দর্শনার্থীদের অবশ্যই একটি সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) পূরণ করতে হবে। এই সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) প্রতিদিন উপস্থিত হবার পূর্বে পূরণ করতে হবে। এছাড়াও এই সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) অনলাইনে, উল্লিখিত ওয়েবসাইটে পূরণ করা যাবে: <https://healthscreening.schools.nyc/> ভবন বা ফ্যাসিলিটিতে প্রবেশের পর, যদি আপনি ইতোমধ্যে অনলাইনে সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) পূরণ না করে থাকেন, তাহলে আপনাকে নিচের প্রশ্নগুলোর জবাব দিতে বলা হবে। স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমাদের স্কুল ভবনগুলোতে প্রবেশ করতে DOE-এর সকল কর্মীর অবশ্যই টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিনেটেড হতে হবে।

- আপনি COVID-19-এর উপসর্গগুলো আপনার মাঝে লক্ষ্য করেছেন কি, এতে রয়েছে 100.0 ডিগ্রি F কিংবা এরচেয়ে বেশি জ্বর, নতুনভাবে কাশি শুরু, গলায় ব্যথা, স্বাদ কিংবা ঘ্রাণশক্তি বিলোপ অথবা বিগত 10 দিনের মাঝে শুরু হওয়া শ্বাস কষ্ট?
  - না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
  - হ্যাঁ, এবং আমি একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সম্পন্ন করা একটি COVID-19 শনাক্তকরণ পরীক্ষায় নিগেটিভ (সংক্রমণমুক্ত) ফল পেয়েছি কিংবা আমি একজন শিক্ষার্থী বা স্কুলভিত্তিক স্টাফদের একজন যার প্রথম লক্ষণ দেখা যাওয়ার পর বাড়িতে নিয়ে যাওয়া পরীক্ষা 24 ঘণ্টার ব্যবধানে সম্পন্ন করে দুটিতেই নিগেটিভ (সংক্রমণ নেই) ফলাফল পেয়েছি এবং লক্ষণসমূহ ছিল শুধু হালকা ধরনের (নাকে সর্দি নেই; তরল নির্গত হওয়া ছাড়া হালকা কাশি; কোনো ওষুধ ছাড়াই 24 ঘণ্টা জ্বরমুক্ত)। পরবর্তী প্রশ্নটি দেখুন।
  - হ্যাঁ, এবং আমি স্কুলভিত্তিক স্টাফদের একজন বিচ্ছিন্ন (আইসোলেশন) থাকার 6 নম্বর দিনে মৃদু লক্ষণ নিয়ে (নাকে সর্দি নেই; তরল নির্গত হওয়া ছাড়া হালকা কাশি; কোনো ওষুধ ছাড়াই 72 ঘণ্টা জ্বরমুক্ত) KN95 বা N95-এর মতো উচ্চমানের মুখাবরণ পরে স্কুলে ফিরছি। পরবর্তী প্রশ্নটি দেখুন।
  - হ্যাঁ, এবং আমি উপরোক্ত শ্রেণীবিভাগের অন্তর্ভুক্ত নই। আর যাচাইয়ের প্রয়োজন নেই। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন না।
- বিগত 10 দিনে, আপনি একটি COVID-19 ডায়াগনস্টিক টেস্ট থেকে পজিটিভ ফলাফল পেয়েছেন কি? অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, 10 দিনের গণনা শুরু হবে আপনার পরীক্ষা নেওয়ার দিন থেকে, আপনি যেদিন পরীক্ষার ফল পান, সেদিন থেকে নয়।
  - না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
  - হ্যাঁ, এবং আমি স্কুলভিত্তিক স্টাফদের একজন বিচ্ছিন্ন (আইসোলেশন) থাকার 6 নম্বর দিনে কোনো লক্ষণ ছাড়া অথবা মৃদু কিংবা কমতির দিকে লক্ষণ নিয়ে (নাকে সর্দি নেই; তরল নির্গত হওয়া ছাড়া হালকা কাশি; কোনো ওষুধ ছাড়াই 72 ঘণ্টা জ্বরমুক্ত কাটিয়ে) KN95 বা N95-এর মতো উচ্চমানের মুখাবরণ পরে স্কুলে ফিরছি। পরবর্তী প্রশ্নটি দেখুন।
  - হ্যাঁ। আর যাচাইয়ের প্রয়োজন নেই। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন না।
- বিগত 10 দিনে, আপনি কী এমন কারও সংস্পর্শে গিয়েছেন যিনি COVID-19 পরীক্ষায় পজিটিভ (সংক্রমণযুক্ত) ফল পেয়েছেন?
  - না। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন।
  - হ্যাঁ, আমি স্কুলে কারও সংস্পর্শে গিয়েছিলাম, এবং আমি স্কুল থেকে নির্দেশিত COVID-19 শনাক্তকরণ পরীক্ষা(সমূহ) নিচ্ছি এবং এখনও সেসব পজিটিভ (সংক্রমণযুক্ত) ফলাফল পাইনি। আমি পজিটিভ সংক্রমণযুক্ত ফল পেলে আমি বিচ্ছিন্ন থাকা শুরু করবো। আপনি ভবনে প্রবেশ করতে পারেন।
  - হ্যাঁ, আমি স্কুলে কারও সংস্পর্শে গিয়েছিলাম, এবং আমাকে কোনো হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষার সরঞ্জাম) দেওয়া হয়নি। অনুগ্রহ করে আজ একটি হোম টেস্ট কিট পাওয়ার জন্য আপনার স্কুলে যোগাযোগ করুন। আপনি ভবনে প্রবেশ করতে পারেন।
  - হ্যাঁ, এবং আমি পূর্ণাঙ্গ ভ্যাকসিন গ্রহণ ছাড়া স্কুলের বাইরে সংক্রমিত হওয়ার পর কোয়ারেন্টিন-এ থাকার পরবর্তী দিন বা তার পরবর্তিতে করা COVID-19 পরীক্ষার একটি নিগেটিভ (সংক্রমণ নেই) ফল নিয়ে 8 (আট) দিন পরে ফিরছি। আপনি ভবনে প্রবেশ করতে পারেন।
  - হ্যাঁ, আমি স্কুলের বাইরে কারও সংস্পর্শে গিয়েছিলাম, তবে আমি নিজেকে পূর্ণাঙ্গরূপে ভ্যাকসিনসম্পন্ন বলে বিবেচনা করি। আপনি ভবনে প্রবেশ করতে পারেন।
  - হ্যাঁ, আমি স্কুলের বাইরে কারও সংস্পর্শে গিয়েছিলাম, তবে আমি পূর্ণাঙ্গরূপে ভ্যাকসিনসম্পন্ন নই। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন না।

স্মারক হিসেবে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ-এর বাধ্য-বাধকতা, সেন্টারস্ ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন-এর সুপারিশ, এবং DOE-এর নীতি অনুযায়ী, কোনও DOE ভবনের অভ্যন্তরে অবস্থিত সকল ব্যক্তির এবং DOE-এর অফিসে অবস্থিত সকল DOE কর্মী ও কন্ট্রাকটরদের অবশ্যই নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান করতে হবে, যদি না তারা আহার অথবা পানীয় পান করছে অথবা তাদের চিকিৎসাগত কারণে কোনও ছাড় রয়েছে।

*এই স্বাস্থ্য যাচাইকরণের উদ্দেশ্য একটি বিকল্প পেশাদারী চিকিৎসাগত পরামর্শ, রোগ নির্ণয় অথবা চিকিৎসা প্রদান করা নয়। শারীরিক অবস্থা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে সবসময়ই কোনো যোগ্যতা সম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে পরামর্শ নেন। সুস্থতা যাচাইকরণের (হেলথ স্ক্রিনিং) ফলাফল পর্যালোচনা করা হবে শুধুমাত্র ফ্যাসিলিটিতে প্রবেশ করতে দেয়ার উদ্দেশ্যে এবং গোপনীয়তা বজায় রাখা হবে।*

পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন সুপারিশ পরিবর্তন করতে পারে।

3 জানুয়ারি, 2022